# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

## الفصل الثالث

আরবী

عَن مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ: «قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَفَاتِيحُ الْجَنَّةِ شَهَادَةُ أَنْ لَا إِلَه إِلَّا الله» . رَوَاهُ أَحْمد

বাংলা

৪০-[৩৯] মু’আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জান্নাতের চাবি হচ্ছে ’’আল্লাহ ছাড়া প্রকৃত কোন ইলাহ নেই’’ বলে (অন্তরের সাথে) সাক্ষ্য দেয়া। (আহমাদ)[1]

## English

Chapter - Section 3

Mu'adh b. Jabal reported that God’s messenger said to him, “The keys of paradise are the testimony that there is no god but God.”

Ahmad transmitted it.

ফুটনোট

[1] য‘ঈফ: আহমাদ ২১৫৯৭, য‘ঈফুত্ তারগীব ৯২৬। কারণ শাহর খারাপ স্মৃতিশক্তির দোষে দুষ্ট একজন দুর্বল রাবী এবং সে মু‘আয (রাঃ)-কে পাননি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে বর্ণিত শাহাদাহ্ মূলত শাহাদাহ্’র জাত বা প্রকৃত উদ্দেশ্য। অর্থাৎ- প্রত্যেকের নিজ শাহাদাহ্ তার জান্নাতে প্রবেশের চাবী। আর শাহাদাহ্ মুতাবিক কার্যাবলী সম্পাদকরা মর্যাদা বৃদ্ধির উপকরণ। অথবা বলা যায় যে, শাহাদাহ্ যেহেতু জান্নাতের দরজাসমূহের চাবী, তাই তা যেন অনেকগুলো চাবীই। সেহেতু হাদীসে مَفَاتِيْحُ

শব্দটি বহুবচন ব্যবহার করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মু‘আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54598

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন